

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা ।

নথি নং-২(২)শুল্কঃ রপ্তানী ও বন্ড/৯৮/২৬৫(১-১৩)

তারিখ : ২২/০৯/২০০৪ ।

-ঃ অফিস আদেশ :-

বিষয় : রপ্তানী প্রক্রিয়া করণ এলাকায় অবস্থিত বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ব্যবহারের পর পুরাতন হলে অথবা ব্যবহার অযোগ্য হয়ে ক্ষ্যাপে পরিণত হলে তা শুল্ক এলাকায় আমদানী প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ইপিজেডে অবস্থিত বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ব্যবহারের পর পুরাতন হলে অথবা ব্যবহার অযোগ্য হয়ে ক্ষ্যাপে পরিণত হলে তা বিলিবন্দেজ (Dispose) করার প্রয়োজন হয়ে পড়ে । উক্তরূপ পণ্য শুল্ক এলাকায় আমদানি/বিক্রয়ের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি অনুসরণীয় হবে যথা :

- (ক) আমদানিনীতি আদেশের শর্ত পতিপালন করাসহ বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমতিপত্র অথবা আমদানি-রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের অনুমতিপত্র (যেখানে যা প্রযোজ্য) প্রয়োজন হবে;
- (খ) ব্যবহৃত মূলধনী যন্ত্রপাতি শুল্ক এলাকায় বিক্রয়ের অনুমতি গ্রহণের জন্য শিল্প-প্রতিষ্ঠান কর্তৃপক্ষ অথবা শুল্ক এলাকায় ঐ সকল পণ্য আমদানির জন্য আত্রহী ক্রেতা BEPZA-এর মাধ্যমে বাণিজ্য মন্ত্রণালয় অথবা প্রযোজ্য ক্ষেত্রে আমদানি-রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে আবেদন করবেন । মন্ত্রণালয়/দপ্তর পুরাতন যন্ত্রপাতি বা ক্ষ্যাপ যেভাবে শুল্ক এলাকায় বিক্রয়ের অনুমতি প্রদান করবে সেভাবে তা শুল্কায়ন করা যাবে;
- (গ) পুরনো যন্ত্রপাতি হিসাবে বিক্রয়ের ক্ষেত্রে যন্ত্রপাতির অবশিষ্ট আয়ুষ্কাল (residual life) ন্যূনতম আরো দশ বছর আছে এ মর্মে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন প্রতিষ্ঠিত সার্ভেয়ারের সনদপত্র প্রয়োজন হবে;
- (ঘ) পুরাতন যন্ত্রপাতি বা ক্ষ্যাপ যেভাবেই শুল্কায়ন হোক না কোন উভয় ক্ষেত্রেই তার শুল্ক মূল্য নির্ধারণের ক্ষেত্রে আয়কর বিভাগের প্রচলিত বিধি-বিধানঅনুযায়ী মেশিনপত্রের আমদানী-মূল্যের অবচয়িত মূল্য হিসাবযোগ্য হবে;
- (ঙ) অবচয়িত মূল্য হিসাবের জন্য বছরের ভগ্নাংশের ক্ষেত্রে ছয় মাস বা তার বেশী সময়কে ১ বছর গণনা করা হবে এবং ছয় মাসের কম সময়কে গণনা করা হবে না; এবং
- (চ) দেশের বাইরে থেকে শুল্ক এলাকায় আমদানিকৃত যন্ত্রপাতি/ক্ষ্যাপ শুল্কায়ন ও খালাসের ক্ষেত্রে যে পদ্ধতি অনুসরণীয় হয় এ সকল ক্ষেত্রেও অনুরূপ পদ্ধতিতে পণ্য শুল্কায়ন ও খালাস হবে ।

(মোঃ মাহবুবুজ্জামান)

দ্বিতীয় সচিব (শুল্ক : রপ্তানি ও বন্ড)

প্রাপক :

- ১। কমিশনার, কাস্টমস্ বন্ড কমিশনারেট, ৩৪২/১ সেগুনবাগিচা, ঢাকা ।
- ২। কমিশনার, শুল্ক ভবন, ঢাকা/চট্টগ্রাম/মংলা/বেনাপোল ।
- ৩। কমিশনার, শুল্ক আবগারী ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ঢাকা(উত্তর)/চট্টগ্রাম/খুলনা/যশোর/
রাজশাহী/সিলেট ।
- ৪। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, বাড়ী নং-১৯/ডি, রোড নং-৬,
ধানমন্ডি, ঢাকা ।